# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৭০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখিত গুনাবলীসহ জুমু‘আয় আগমনকারীকে মহান আল্লাহ অনুগ্রহ করে প্রতিটি পদক্ষেপের কারণে এক বছরের ইবাদত করার সাওয়াব দান করেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا بِتَفَضُّلِهِ يُعْطِي الْجَائِي إِلَى الْجُمُعَةِ بِأَوْصَافٍ مَعْلُومَةٍ بِكُلِّ خُطْوَةٍ عِبَادَةَ سَنَةٍ

---

আরবী

2770 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا الْأَوْزَاعِيُّ عَنْ حَسَّانَ بْنِ عَطِيَّةَ حَدَّثَنِي أَبُو الْأَشْعَثِ الصَّنْعَانِيّ عَنْ أَوْسِ بْنِ أَوْسٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (مَنْ غَسَّلَ يَوْمَ الْجُمُعَةِ وَاغْتَسَلَ ثُمَّ بَكَّرَ وَابْتَكَرَ وَمَشَى فَدَنَا وَاسْتَمَعَ وَأَنْصَتَ وَلَمْ يَلْغُ كَتَبَ اللَّهُ لَهُ بِكُلِّ خُطْوَةٍ يَخْطُوهَا عَمَلَ سنة صيامها وقيامها)

الراوي : أَوْس بْن أَوْسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2770 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (373).

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ: (مَنْ غَسَّلَ) يُرِيدُ غَسلَ رَأْسَهُ (وَاغْتَسَلَ) يُرِيدُ اغْتَسَلَ بِنَفْسِهِ لِأَنَّ الْقَوْمَ كَانَتْ لَهُمْ جُمَمٌ احْتَاجُوا إِلَى تَعَاهُدِهَا.

وَقَوْلُهُ: (بَكَّرَ وَابْتَكَرَ) يُرِيدُ بِهِ بَكَّرَ إِلَى الْغُسْلِ وَابْتَكَرَ إِلَى الْجُمُعَةِ.

বাংলা

২৭৭০. আওস বিন আওস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি জুমু‘আর দিন (মাথা) ধৌত করে অতঃপর পুরো শরীর ধৌত করে, তারপর সকাল সকাল জুমু‘আয় আগমন করে, পায়ে হেঁটে যায়, অতঃপর ইমামের নিকটবর্তী হয়, মন দিয়ে খুতবা শ্রবণ করে, চুপ থাকে

এবং কোন অনর্থক কাজ করে না তবে আল্লাহ তার প্রতিটি পদক্ষেপ, যা ফেলে (সে মাসজিদে গমন করে), তার বদৌলতে এক বছর কিয়াম ও সিয়াম রাখার সাওয়াব লিখে দেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “যে ব্যক্তি ধৌত করে” এর দ্বারা উদ্দেশ্য হলো মাথা ধৌত করে। আর وَاغْتَسَلَ দ্বারা উদ্দেশ্য হলো  নিজে গোসল করে। কেননা সাহাবীদের বাবরি চুল ছিল, যা ভালভাবে খেয়াল করে ধৌত করার প্রয়োজন পড়তো।

আর بَكَّرَ وَابْتَكَرَ দ্বারা উদ্দেশ্য হলো সকাল সকাল গোসল করে সকাল সকাল জুমু‘আয় যায়।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১০৪; আবূ দাঊদ: ৩৪৫; ইবনু মাজাহ: ১০৮৭; বাগাবী: ১০৬৫; হাকিম: ১/২৮২; তিরমিযী: ৪৯৬; নাসাঈ: ৩/৯৫; দারেমী: ১/৩৬৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৬৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি ▯ বর্ণনাকারীঃ আওস ইবনু আওস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92100

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন